[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] “[redacted] [redacted] [redacted]” [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

১৫ হাজার ও ইমতিয়াজ ফার্মেসিকে ৭ হাজার টাকা জরিমানা করে।

উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপনের নেতৃত্বে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সুচন্দন মন্ডল কে সাথে নিয়ে হাসপাতাল এলাকার ফার্মেসি গুলোতে এ অভিযান চালানো হয়। অভিযানে সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করেন কোটচাঁদপুর থানা পুলিশ।

কোটচাঁদপুরে ৪র্থ “ডিজিটাল বাংলাদেশ” দিবস পালিত

“যদিও মানছি দুরুত্ব, তবুও আছি সংযুক্ত” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪র্থ “ডিজিটাল বাংলাদেশ” দিবস ২০২০ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শনিবার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ মিলনায়তনে সেমিনার ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ রিয়াজ হোসেন ফারুক, মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন সহকারী প্রোগ্রামার মোঃ জিয়াউল ইসলাম ও তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। কোটচাঁদপুর মডেল সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহঃ আইসিটি শিক্ষক সাজেদুর রহমান।

শিক্ষার্থীদের পক্ষ থেকে সেমিনারে অংশ নেয় কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাইমা আজগর সামিয়া, শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী সুজানা সানজু খাঁন, শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মোঃ জাহিদুল ইসলাম। আলোচনা সভা শেষে পুরস্কার বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে সুজনের আত্মহত্যা নয়, করা হয় হত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে স্ত্রীর সঙ্গে ঝগড়া করে সুজন হালদার (৩২) নামে এক লেবার শ্রমিক গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার জট খুলতে শুরু করেছে। আত্মহত্যা নয়! সুজনকে হত্যা করা হয়েছে এমন প্রমান মিলেছে ময়না তদন্ত রিপোর্টে। বিষয়টি নিশ্চিত করেছেন মামলার তদন্তকারী কর্মকর্তা পুলিশ পরিদর্শক আক্তারুজামান লিটন। সুজনের স্বজনদের অভিযোগ স্ত্রীর পরকীয়ার কারনে সুজনকে হত্যা করে গাছে ঝুলিয়ে রাখা হয়েছে।

গেল (২৪ নভেম্বর) শনিবার সকালে শহরের সলেমানপুর পালপাড়া এলাকার একটি বাগানের আম গাছ থেকে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। ঘটনাস্থল থেকে পুলিশ লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। প্রাথমিকভাবে সুজন আত্মহত্যা করেছে বলে ধারণা করে কোটচাঁদপুর থানায় একটি (ইউ,ডি) অপমৃত্যুর মামলা হয়।

কিন্তু বিষয়টি মানতে না পেরে সুজনের মা শ্রীমতি নয়ন হালদার বাদী হয়ে আদালতে ৪ জনের নামে হত্যা মামলা দায়ের করেন। এদিকে গেল ১ ডিসেম্বর পুলিশের হাতে আসে ময়না তদন্ত রিপোর্ট। তদন্ত রিপোর্টে হত্যার প্রমান পায় পুলিশ। ওই দিনই হত্যা মামলা হয় থানায়। যার নম্বর-২,তারিখ-১-১২-২০২০। আটক করা হয় মামলার দুই আসামী সুজনের স্ত্রী রুপা হালদার ও রুপার ভাই মহাদেব হালদারকে। এ দুই আসামী আটকের পর বাকিরা গা ঢাকা দিয়েছেন বলে জানা গেছে।

৮/৯বছর পূর্বে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ডুগডুগি গ্রামের বুদো হালদারের ছেলে সুজন হালদারের সঙ্গে কোটচাঁদপুর শহরের সলেমানপুর পাল পাড়ার মৃত অর্জুন এর মেয়ে রুপার বিবাহ হয়। বিয়ের পর থেকে সে কোটচাঁদপুরের সলেমানপুর শ্বশুরবাড়ি হালদার পাড়ায় থাকত। প্রতিবেশি, সুবল হালদার ও সুমিত্রা হালদার জানান, বিয়ের পর থেকে তাদের মধ্যে বেশি একটা মিল ছিল না। যে কোন বিষয় নিয়ে গোলযোগ হত। কি কারনে তাকে হত্যা করা হয়েছে জানতে চাইলে

বলেন,আমরা জানি সুজন আত্মহত্যা করেছে।

নাম প্রকাশ না করা শর্তে এক প্রতিবেশি বলেন, রুপার পরকীয়া ছিল সুজনের মামাত ভাই অর্জুনের সঙ্গে। রুপা তাকে বিয়ে করতে ঘটনার ৭ দিন আগে ডির্ভোস করেন স্বামী সুজনকে। এ দিকে স্বজনদেরও অভিযোগ রুপার পরকীয়ায় জীবন দিতে হল সুজনকে।

এবিষয়ে মামলার তদন্ত কর্মকর্তা পুলিশ পরিদর্শক আক্তারুজামান লিটন জানান, ময়না তদন্তে সুজনকে গলা টিপে হত্যা করা হয়েছে বলে রিপোর্টে পাওয়া গেছে। ফলে হত্যা মামলা হয়েছে থানায়। এতোমধ্যে মামলার দুই আসামীকে আটকও করা হয়েছে।

কি কারনে হত্যা জানতে চাইলে তিনি বলেন, প্রাথমিক ভাবে প্রমাণ মিলেছে পারিবারিক কলহের। তবে পরকীয়া নিয়েও পারিবারিক কলহ হতে পারে। তদন্ত চলছে, শেষ হলে আরো বিস্তারিত জানা যাবে। সেই সাথে বাকি আসামীদের ধরতে অভিযান চলছে বলে জানায় পুলিশ।

কোটচাঁদপুরে মাস্ক ব্যবহারে প্রশাসনের কঠোরতা

শীতে করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহারে প্রধানমন্ত্রীর কঠোর নির্দেশনা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসন। মাস্ক ব্যবাহার নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে জনসচেতনতার পাশা-পাশি ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যহত রেখেছে স্থানীয় প্রশাসন।

ব্যবসা প্রতিষ্ঠান এমনকি ঘরের বাহিরে সবখানেই মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর ভূমিকা পালন করছেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন। কখনো উপজেলা সদর আবার কখনো ছুটে যাচ্ছেন প্রত্যন্ত এলাকায়। উপজেলার সকল মানুষকে মাস্ক ব্যবহারের আওতায় আনতে সার্বক্ষণিক তৎপর রয়েছেন মাঠ প্রশাসনের এই কর্মকর্তা।

শনিবার সন্ধায় উপজেলার সাফদারপুর বাজার, বলুহর জামতলা মোড় ও পৌর শহরের কলেজ বাসষ্টান্ডে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানা ও সামাজিক দুরুত্ব বজায় রেখে মাস্ক ব্যবহার না করার অপরাধে বিভিন্ন দোকানে ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সেই সাথে সাধারণ মানুষের মাঝে মাস্ক ও লিফলেট বিতরণ করেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন জানান, করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সামাজিক দুরুত্ব বজায় ও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহারের ওপর ব্যাপক জনসচেতনতা ও প্রচার চালানো হচ্ছে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে এই অভিযান অব্যহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম, সাফদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, সহকারী প্রোগ্রামার জিয়াউর রহমান, সাফদারপুর ক্যাম্প ইনচার্জ এসআই অজিয়ার রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, সহকারি প্রহল্লাদ সহ পুলিশের একটি টিম।

কোটচাঁদপুরে ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর নার্সিং হোমে ভুল চিকিৎসায় মিতা (৩৫) নামে এক প্রসূতির মৃত্যুর ঘটনা ঘটেছে। সোমবার সকালে উন্নত চিকিৎসার জন্য যশোর নোভা ম্যাডিকেল সেন্টার হসপিটালে নেওয়ার পর তার মৃত্যু হয়। এর আগে রবিবার রাত সাড়ে ৮ টার দিকে কোটচাঁদপুর নার্সিং হোমে ওই প্রসূতির সিজারিয়ান অপারেশন করেন ওই নার্সিং হোমের চিকিৎসক ডাঃ ফাহিম উদ্দীন।

জানা যায়, রবিবার রাতে উপজেলার বড়বামনদাহ গ্রামের আব্দুল হামিদের স্ত্রী মিতা খাতুন (৩৫) এর প্রসব বেদনা হলে শহরের কোটচাঁদপুর নার্সিং হোমে ভর্তি করেন। সেখানে তার অপারেশন করেন ডাঃ ফাহিম উদ্দীন। অপারেশনের পর তার শারিরীক অবস্থার অবনতি হয়। এসময় ক্লিনিক কর্তৃপক্ষ অবস্থা বেগতিক দেখে মিতাকে যশোরে পাঠায়।

সেখানে চিকিৎসা দেওয়ার আগেই মিতার মৃত্যু হয়।

মৃতের স্বজনরা অভিযোগ করে বলেন, তারা কোন কিছু পরীক্ষা নিরীক্ষার কাগজ পত্র না দেখে অপারেশন রুমে নিয়ে যান এবং সিজার করেন। অবস্থা খারাপের দিকে গেলেও তারা রোগীকে সেখানেই চিকিৎসা দিতে থাকে। এরপর কোন উপায় না পেয়ে ওই নারীকে যশোরে রেফার্ড করেন। ভোরের দিকে আমরা রোগীকে যশোর নোভা ম্যাডিকেল সেন্টার হসপিটালে নিলে সেখানে চিকিৎসার আগেই তাঁর মৃত্যু হয়।

ক্লিনিক মালিক আজাদ রহমান জানান, রোগীর একলেমশীয়ার সমস্যা ছিল। এবং রোগীর পেশার বেশি ছিল। অপারেশনের পর রোগীর অবস্থা খারাপ হয়। পরে তাকে যশোরে পাঠানো হয়। তিনি অভিযোগ করে বলেন, রোগীকে প্রাইভেট হাসপাতালে না নিয়ে সদর হাসপাতালে নিলে এঘটনা নাও ঘটতে পারত।

বিষয়টি নিয়ে ডাঃ ফাহিম উদ্দীনের সঙ্গে কথা বলতে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তার নাম্বারটি বন্ধ পাওয়া যায়। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ডাঃ আব্দুর রশিদ বলেন, বিষয়টি শুনেছি। সিভিল সার্জনের সঙ্গে কথাও হয়েছে। এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করে ব্যবস্থা নেওয়া হবে।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম বলেন, আমি ঢাকায় আছি। বিষয়টি আমার জানা নাই। তবে খোঁজ নিয়ে দেখছি। এম.বি.বি.এস পাস করে অপারেশন করতে পারে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, জ্বি করতে পারেন।

কোটচাঁদপুরে প্রতিবেশীর আঘাতে কৃষকের মুত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ধান ঝাড়াকে কেন্দ্র করে প্রতিবেশীর হামলায় বদর উদ্দিন বুদো (৬৩) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকালে উপজেলার বলুহর গ্রামের প্রজেক্ট পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত বদর উদ্দিন বুদো ওই গ্রামের মৃত ছোবান মন্ডলের ছেলে।

কোটচাঁদপুর থানার ওসি মাহবুবুল আলম জানান, বৃহস্পতিবার বিকালে প্রতিবেশী জিয়া মন্ডল নিজ বাড়ির বাইরে ধান মাড়াই করছিল। ধান মাড়াইয়ে ধুলা-বালি বুদোর বাড়িতে গেলে বুদোর সাথে জিয়ার বাক-বিতণ্ডা হয়।

এক পর্যায়ে জিয়া ও তার পরিবারের লোকজন বুদোকে এলোপাতাড়ী লাথি, কিল-ঘুষি ও চড় থাপ্পড় মারে। এতে বুদো অসুস্থ হয়ে গেলে তাকে প্রথমে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হলে পথমধ্যে তার মৃত্যু হয়। ওসি জানান, প্রাথমিকভাবে মৃতের শরীরে আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। লাশ ময়না তদন্তরের পর বিস্তারিত জান যাবে। এ ঘটনায় জড়িতদের গ্রেফতারে অভিযান চলছে বলে জানায় ওসি।

নিহতের ছেলে মনিরুল ইসলাম জানান, প্রতিবেশী শওকত আলী মন্ডলের ছেলে জিয়া, রেজা ফজলু ও তার পরিবারের লোকজন আমার বাবাকে দুই দফায় মরধর করেছে। তাদের আঘাতে আমার বাবা মারা গেছে। আমি তাদের দৃষ্টান্ত শাস্তি চাই।

কোটচাঁদপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত

“প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুতি, দুর্যোগ মোকাবেলায় আনবে গতি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ভবনে এই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালন করা হয়।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার (চঃদঃ) আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন।

অনুষ্ঠানে অগ্নি নির্বাপণের বিভিন্ন দিক নির্দেশনা দেন ফায়ার সার্ভিস স্টেশন অফিসার আব্দুর রাজ্জাক । পরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন প্রাঙ্গণে অগ্নি নির্বাপণের মহড়া পরিদর্শন করেন অতিথি বৃন্দ।

এসময় উপজেলা সহকারী প্রোগ্রামার অফিসার জিয়াউর রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, সাংবাদিক মঈন উদ্দীন খাঁন সহ ফায়ার স্টেশনের সদস্যরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে সাংবাদিকের সাথে অসদাচরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে কর্মরত দৈনিক আমার সংবাদ ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার সাংবাদিক মঈন উদ্দীন খাঁনের সঙ্গে ডাঃ ফাহিম উদ্দীনের অসদাচরণে ক্ষোভ প্রকাশ করেছেন কোটচাঁদপুরের সাংবাদিক মহল।

গতকাল সোমবার সংবাদ সংক্রান্ত বিষয় নিয়ে ফোনালাপে এ অসদাচরণের ঘটনা ঘটে।

জানা যায়, গেল ৪ নভেম্বর অঞ্জনা (২২) নামের গর্ভবতী এক গৃহবধূকে সিজারিয়ান অপারেশন করা হয় কোটচাঁদপুর নার্সিং হোমে। অপারেশনটি করেন ডাঃ ফাহিম উদ্দীন। চিকিৎসা শেষে ছাড়পত্র নিয়ে ওই গৃহবধূ বাড়িতে যাওয়ার দুই দিন পর আবারও অসুস্থ হয়ে পড়েন, ভর্তি হন নার্সিং হোমে।

তারা একদিন চিকিৎসা দেয়ার পর কোন উন্নতি না হওয়ায়, তাকে যশোরে রেফার্ড করে দেন নার্সিং হোম কর্তৃপক্ষ। এরপর রোগীর স্বজনরা অঞ্জনাকে নিয়ে ভর্তি করান যশোর সদর জেনারেল হাসপাতালে। সেখানে চিকিৎসা দেয়ার পরেও কোন উন্নতি না হওয়ায় তাকে ঢাকায় রেফার্ড করে দেন। রোগীর স্বজনরা ঢাকায় যাওয়ার প্রস্তুতি নিতে ফিরে আসেন বাড়িতে। ওই রাতে তার অবস্থার অবনতি হলে তাকে নিয়ে আসেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে। এরপর জরুরী বিভাগেই তার

মৃত্যু হয় বলে জানিয়েছেন তার স্বজনরা।

বিষয়টি নিয়ে সোমবার বিকালে ডাঃ ফাহিম উদ্দীনের সঙ্গে ফোনালাপে জানতে চান, সাংবাদিক মঈনুদ্দিন। এ সময় তিনি এ প্রতিবেদকের সঙ্গে অসদাচরণ ও কটুক্তি করে বলেন, আগে ডাক্তার হয়ে আসেন, তারপর আমার সঙ্গে কথা বলেন।

এদিকে ডাক্তারের এহেন আচরণে ক্ষোভ প্রকাশ করে প্রতিবাদ জানিয়েছেন, কোটচাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি শেখ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল, কোটচাঁদপুর রিপোটার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত সরকার, উপজেলা প্রেস ক্লাবের সভাপতি বিএম ওয়াদুদ, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম মল্লিক। সাংবাদিক এস এম রায়হান উদ্দিন প্রমুখ।

কোটচাঁদপুরে উপজেলা আইনশৃংঙ্খলা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আইনশৃঙ্খরা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় কোটচাঁদপুর উপজেলায় সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগ সভাপতি শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,

কোটচাঁদপুর সরকারি কেএমএইচ কলেজের প্রভাষক আলমগীর হোসেন, আনসার ভিডিপি অফিসার আবেদুল হাসান শিমুল, সাবদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলী ও দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন প্রমূখ।

সভায় অন্যান্য বিষয়ের মধ্যে বর্তমানে দ্রব্যমূল্য স্বাভাবিক

রাখতে বাজার মনিটরিংয়ের উপর গুরুত্ব দেওয়া হয়।